

স্নাতক পরীক্ষা-২০২১

সাম্মানিক বাংলা

ষষ্ঠ পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

- ১। যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও : $৮ \times ২ = ১৬$
- ক) 'নির্ব্বরের স্বপ্নভঙ্গ' কবিতাটি কবির কোন্ বাসস্থানে লিখিত এবং কোন্ সময়ে কবিতাটি উৎসারিত হয়েছিল?
- খ) 'সঞ্চয়িতা'র প্রথম সংস্করণের প্রকাশকাল লেখো। কবিতাগুলির সংকলক কে ছিলেন?
- গ) 'সভ্যের বর্বর লোভ/নগ্ন করল আপন নির্লজ্জ অমানুষতা।' — প্রাসঙ্গিক কবিতার নাম উল্লেখ করে উদ্ধৃতিটির তাৎপর্য লেখো।
- ঘ) "মৃত্যু বনোয়ারির স্মৃতি হইতে সমস্ত কাঁটা উৎপাটিত করিয়া লইল।" — কোন্ প্রসঙ্গে এই কথা বলা হয়েছে?
- ঙ) 'নদীটি শুভ্র। বর্ষা অন্তে প্রায় শুকাইয়া যায়।' — কোন্ গল্প থেকে নেওয়া? এই ক্ষুদ্র নদীর কোন্ রূপের কথা গল্পের প্রথমেই এসেছে?
- চ) "কিন্তু, বাহিরের লোকের কাছে গুজব শুনিতাম — মেয়েটির কুলের দোষ ছিল।" — উদ্ধৃতিটি কোথা থেকে গৃহীত? মেয়েটি কে?
- ছ) 'কাব্যের উপেক্ষিতা' প্রবন্ধ থেকে সংস্কৃত সাহিত্যের উপেক্ষিতা চরিত্রগুলির নাম লেখো। এই উপেক্ষিতাদের মধ্যে কবি প্রধান স্থান দিতে চেয়েছেন কাকে ?

[পরের পাতায়]

- জ) 'রামায়ণ' প্রবন্ধটি কবি কোথায় বসে কত খ্রীষ্টাব্দে লিখেছেন?
- ঝ) 'আবার সেই প্রাচীন ভারতখণ্ডটুকুর নদী-গিরি-নগরীর নামগুলিই বা কী সুন্দর!' — প্রাসঙ্গিক প্রবন্ধের নাম উল্লেখ করে অন্তত চারটি 'সুন্দর' নামের উল্লেখ করো।
- ঞ) 'সাহিত্যের বিচার করিবার সময় দুইটা জিনিস দেখিতে হয়।' — এই 'দুইটা জিনিস' কী কী?
- ট) "যে মানসজগৎ হৃদয়ভাবের উপকরণে অন্তরের মধ্যে সৃষ্ট হইয়া উঠিতেছে তাহাকে বাহিরে প্রকাশ করিবার উপায় কী?" — প্রাসঙ্গিক প্রবন্ধের নাম উল্লেখ করে প্রাবন্ধিক কথিত 'উপায়'গুলি সংক্ষেপে লেখো।
- ঠ) "মন প্রাকৃতিক জিনিসকে মানসিক করিয়া লয়; সাহিত্য সেই মানসিক জিনিসকে সাহিত্যিক করিয়া তুলে।" — প্রবন্ধটির নাম লেখো। বক্তব্যটি সংক্ষেপে বিশ্লেষণ করো।
- ২। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও : $৬ \times ৬ = ৩৬$
- ক) 'এক গায়ে' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? কবিতাটির অভিনবত্ব বিচার করো। $১ + ৫ = ৬$
- খ) "আমারই চেতনার রঙে পান্না হল সবুজ," — কোন্ কবিতার পঙক্তি? কবিতাটিতে ব্যক্ত কবির ভাবনাসমূহ সংক্ষেপে লেখো। $১ + ৫ = ৬$
- গ) 'আফ্রিকা' কবিতাটির বক্তব্য সংক্ষেপে লেখো। ৬
- ঘ) 'স্বীর পত্র' গল্পের বিন্দু চরিত্রটি নিয়ে আলোচনা করো। ৬

- ঙ) ‘একরাত্রি’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো। ৬
- চ) ‘হালদার গোষ্ঠী’ গল্পটি অবলম্বন করে সামন্ততান্ত্রিক ব্যবস্থাগুলির অসঙ্গতি বিশ্লেষণ করো। গল্পটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল? ৫+১=৬
- ছ) “ভাষার মধ্যে এই ভাষাতীতকে প্রতিষ্ঠিত করিবার জন্য সাহিত্য প্রধানত ভাষার মধ্যে দুইটি জিনিস মিশাইয়া থাকে, চিত্র এবং সংগীত,”— ‘সাহিত্যের তাৎপর্য’ প্রবন্ধটি অবলম্বনে লেখকের এই বক্তব্যকে ব্যাখ্যা করো। ৬
- জ) “কাব্যে অনেক সময়ে দেখা যায় ভাষা ভাবকে ব্যক্ত করিতে পারে না, কেবল লক্ষ করিয়া নির্দেশ করিয়া দিবার চেষ্টা করে।” — প্রাসঙ্গিক প্রবন্ধটির নাম লেখো। প্রাবন্ধিকের মন্তব্য বিশ্লেষণ করো। ১+৫=৬
- ঝ) “এই সম্বন্ধটি অপূর্ব সুমধুর, কিন্তু ইহার মধ্যে নারী অধিকারের পূর্ণতা নাই;” — কোন্ প্রবন্ধে কোন্ বিষয়ে প্রাবন্ধিক এই মন্তব্য করেছেন? এখানে যে নারীর প্রসঙ্গ রয়েছে তার সম্পর্কে প্রাবন্ধিকের মতামত বিশ্লেষণ করো। ১+১+৪=৬
- ঞ) ‘মেঘদূত’ প্রবন্ধটিতে প্রাচীন ভারতবর্ষের যে পরিচয় প্রাবন্ধিক লিপিবদ্ধ করেছেন, তার সংক্ষিপ্ত বিবরণ দাও। ৬
- ৩। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : ৪×১২=৪৮
- ক) ‘মেঘদূত’ (‘মানসী’) কবিতাটিতে রবীন্দ্রনাথ ঠাকুর কবি কালিদাসের কাব্যপ্রতিভার যে মূল্যায়ন করেছেন তা আলোচনা করো। কবিতাটির রচনাকাল লেখো, রচনার স্থান লেখো। ১০+১+১=১২
- খ) ‘আমার কবিতা, জানি আমি, গেলেও বিচিত্র পথে হয় নাই সে সর্বত্রগামী।’ — কোন্ কবিতা থেকে নেওয়া? কবিতাটির রচনাকাল লেখো। কবি

জীবনের শেষ প্রান্তে দাঁড়িয়ে রবীন্দ্রনাথের কবিপ্রাণের অপূর্ণতার এই অনুভব কবিতাটিতে কীভাবে ফুটে উঠেছে লেখো। ১+১+১০=১২

- গ) ‘সমাপ্তি’ গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? গল্পটিতে নারী মনস্তত্ত্বের যে পরিচয় আছে তা আলোচনা করো। ২+১০=১২
- ঘ) ‘শান্তি’ গল্পটিতে মুখ্য চরিত্রগুলি যেভাবে শান্তি প্রাপ্ত হয়েছে তার স্বরূপ বিশ্লেষণ করো। স্বামীর ঈর্ষা উদ্ভেকের জন্য চন্দ্রা কার ‘প্রচুর ব্যাখ্যা’ করতো? ১০+২=১২
- ঙ) ‘সৌন্দর্যবোধ’ প্রবন্ধটি কোথায় কত সালে প্রথম প্রকাশিত হয়েছিল? প্রবন্ধটির বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো। ২+১০=১২
- চ) ‘সাহিত্যের সামগ্রী’ প্রবন্ধটি কোন্ পত্রিকায় কত সালে প্রথম প্রকাশিত হয়েছিল? প্রবন্ধটিতে লেখকের বক্তব্য অনুসরণে ‘জ্ঞান ও ভাব’ নিয়ে আলোচনা করো। ২+১০=১২
- ছ) ‘প্রাচীন সাহিত্য’র অন্তর্গত ‘শকুন্তলা’ প্রবন্ধে লেখক টেম্পেস্টের মিরান্দা ও কালিদাসের শকুন্তলার মধ্যে যে বৈসাদৃশ্যগুলো দেখিয়েছেন তা আলোচনা করো। প্রবন্ধটির রচনাকাল লেখো। ‘Paradise Lost’ এর রচয়িতা কে? ১০+১+১=১২
- জ) ‘রামায়ণ’ প্রবন্ধটির প্রকাশকাল লেখো। প্রবন্ধটিতে মহাকাব্যের প্রতি প্রাবন্ধিকের পক্ষপাতীত্বের কারণগুলি বিশ্লেষণ করো। ২+১০=১২